৫৭

দৈনিক ইত্তেফাক

তারিখ 22 JUN 1987
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৭

৭ই আষাঢ় ১৩৯৪ বাং

## 'প্রাথমিক শিক্ষার অগ্রগতি সন্তোষজনক'

এক সরকারী তথ্য বিবরণীতে বলা হয় যে, চলতি অর্থ বৎসরে সার্বজনীন প্রাথমিক শিক্ষা প্রকল্প বাস্তবায়নে সন্তোষজনক অগ্রগতি হইয়াছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর বরাদ্দের শতকরা প্রায় ৭৫ ভাগ লক্ষ্যমাত্রা ইতিমধ্যেই অর্জিত হইয়াছে। প্রকল্পের কয়েকটি কর্মসূচী যেমন পাঠ্য বই বিতরণ, শিক্ষা উপকরণ সরবরাহ ও শিক্ষক প্রশিক্ষণ খাতে ব্যয়ের পরিমাণ প্রায় শতকরা একশত ভাগ অর্জিত হইয়াছে। চলতি অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## প্রাথমিক শিক্ষার প্রগতি

(৩য় পৃঃ পর)

বরাদ্দের মোট ৯১'৩৪ কোটি টাকার মধ্যে ২০শে জুন পর্যন্ত ব্যয়ের পরিমাণ প্রায় ৬৯ কোটি টাকা। তন্মধ্যে শিক্ষা সামগ্রী, শিক্ষা উপকরণ ও শিক্ষক প্রশিক্ষণের জন্য বরাদ্দকৃত মোট ৩১'৭১ কোটি টাকার মধ্যে ৩৯'১৭ কোটি টাকা ব্যয় হইয়াছে।